**DELHI PUBLIC SCHOOL, DURGAPUR**

**QUESTION BANK & REVISION SHEET FOR PERIODIC ASSEESSMENT-II (2018-19)**

**BENGALI (2ND LANG.) CLASS-X**

**LITERATURE**

**জ্ঞানচক্ষু**

**বহু বিকল্পভিত্তিক প্রশ্নাবলী**

**১। কাকে দেখে তপনের চোখ মার্বেলের মত হয়ে গেল -**

(i) নতুন মেসোমশাই (ii) নতুন পিসেমশাই (iii) বাবা

**২। তপন তার গল্পটা লিখেছিল-**

(i) দুপুরবেলা (ii) সন্ধ্যাবেলা (iii) বিকেলবেলা

**৩। লেখার আসল মূল্য বুঝবে -**

(i) ছোটো মাসি (ii) বড়ো মাসি (iii) বড়ো মেসো

**৪। বাড়িতে তপনের নাম হয়েছিল -**

(i) পরিচালক (ii) গায়ক (iii) কবি, সাহিত্যিক, কথাশিল্পী

**৫। ছোট মেসো কি নিয়ে তপনদের বাড়িতে বেড়াতে এসেছিলেন -**

(i) গল্পের বই (ii) সন্ধ্যাতারা পত্রিকা (iii) নতুন জামা

**৬। তপনের লেখা গল্পের নাম কি ছিল -**

(i) ছুটি (ii) অবসর (iii) প্রথম দিন

**৭। তপনের চিরকালের বন্ধু ছিল-**

(i) ছোট মেসো (ii) ছোটো মাসি (iii) তপনের মা

**৮। তপন কটা গল্প লিখেছিল -**

(i) একটা (ii) দুটো (iii) চারটে

**৯। মেসোমশাই কোন পত্রিকার সম্পাদককে চিনতেন -**

(i) সাহিত্যচর্চা (ii) ভারতী (iii) সন্ধ্যাতারা

**১০। তপনকে তার ছাপার আকারে লেখা গল্পটা পড়ে শোনাতে বলেছিলেন -**

(i) তপনের মা (ii) তপনের বাবা (iii) তপনের মাসি

**সপ্রসঙ্গ ব্যাখ্যা -**

১। তার চেয়ে দুঃখের কিছু নেই, তার চেয়ে অপমানের।

২। তপন কৃতার্থ হয়ে বসে বসে দিন গোনে।

৩। তোর হবে। হ্যাঁ বাবা তোর হবে।

৪। ক্রমশ ও কথাটা ছড়িয়ে পড়ে।

৫। নতুন মেসোকে দেখে জ্ঞানচক্ষু খুলে গেল তপনের।

**প্রশ্নোত্তর -**

**১। "লেখার প্রকৃত মূল্য বুঝলে নতুন মেসোই বুঝবে।"**
এ ভাবনা কার ? কখন তার একথা মনে হয়েছিল ? এরকম ভাবার কারণ কি ?

**২। "সারা বাড়িতে শোরগোল পড়ে গেল।"**
কার লেখা কোন গল্পের অংশ ? কাদের বাড়ির কথা বলা হয়েছে ? শোরগোল পড়ার প্রকৃত কারণ কি ?

**৩। "একটু-আধটু কারেকশন করতে হয়েছে অবশ্য, নেহাত কাঁচা তো ?"**
উক্তিটি কার ? কার সম্বন্ধে করা হয়েছে ? কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে ? প্রকৃত পক্ষে বক্তা কি করেছিলেন ?

**৪। "যেন নেশায় পেয়েছে।"**
কার কথা বলা হয়েছে ? তাকে কোন নেশায় পেয়েছিল ? এরফলে সে কি করেছিল ?

**৫। "কথাটা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেল।"**
কার লেখা কোন গল্পের অংশ ? তপন কে ? কোন কথা শুনে তপনের চোখ মার্বেলের মত হয়ে গেল ?

**৬। "গায়ে কাঁটা দিয়ে উঠল তপনের।"**
তপনের গায়ে কখন কাঁটা দিয়ে উঠেছিল ? তারপর সে কি করেছিল ?

৭। **"তপন লজ্জা ভেঙে পড়তে যায়।"**
তপন কে ? সে কখন কেন লজ্জা পেয়েছিল ? তারপর সে কোন অভিজ্ঞতার সম্মুখীন হয় ?

৮। **"হঠাৎ ভয়ানক একটা উত্তেজনা অনুভব করে।"**
কার কথা এখানে বলা হয়েছে ? কখন তার এই অনুভূতি হয় ? এরপর সে কি করেছিল ?

৯। **"ওরকম একটা লেখক মেসো থাকা মন্দ নয়।"**
উক্তিটি কার ? কোন প্রসঙ্গে বলেছে ? একথা শুনে ছোট মাসি কি করেছিল ?

১০। **"তপনের মনে হয় আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।"**
কার লেখা কোন গল্পের অংশ ? কোনদিনটিকে তার জীবনের সবচেয়ে দুঃখের দিন মনে হয়েছিল ? তপনের একথা কেন মনে হয় ?

১১। **"নতুন মেসোকে দেখে জ্ঞানচক্ষু খুলে গেল তপনের।"**
কখন তপনের জ্ঞানচক্ষু খুলে যায় ? তারপর সে কী করেছিল ?

১২। **"এরমধ্যে তপন কোথা ?"**
কার মধ্যে ? তপনের না থাকার কারণ কী ? এই না থাকা তপনের উপর কেমন প্রভাব ফেলেছিল ?

১৩। **"রত্নের মূল্য জহুরির কাছেই।"**
'রত্ন' ও 'জহুরি' শব্দের অর্থ কী ? কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে ? আলোচ্য অংশের তাৎপর্য ব্যাখ্যা কর।

১৪। **"এর প্রত্যেকটি লাইন তো নতুন আনকোরা, তপনের অপরিচিত।"**
এর বলতে কার কথা বলা হয়েছে ? তাদের মধ্যে দিয়ে তপনের কোন অনুভূতি প্রকাশ পায় ?

## <u>তিন পাহাড়ের কোলে</u>

<u>সপ্রসঙ্গ ব্যাখ্যা -</u>

১। বনভূমির ওপারে কোন মনোভূমির দ'য় / ফুসুর ফাসুর ঘুসুর ঘাসুর স্বপ্নে কথা হয়!
২। সহজ করে বাঁচা কি আর খাঁচাতে সম্ভব।
৩। পুব আকাশে আস্তে-ধীরে আলোর ঘোমটা খোলে।
৪। জনমানববিহীন স্টেশন, আকাশ ভরা তারায় / এমন একটি দেশে আসলে সক্কলে পথ হারায়।

<u>প্রশ্নোত্তর -</u>

১। **"এমন একটি দেশে আসলে সক্কলে পথ হারায়।"**
কবি কোন দেশের কথা উল্লেখ করেছেন ? সেখানে কারা এসেছিল ? একথা বলার অর্থ কি ?

২। **"পথ হারিয়ে যায় যেদিকে, সেদিকে পথ আছেই।"**
পথ হারিয়ে যাওয়ার কথা কবি কেন বলেছেন ? কোন দিকে পথ আছে ? আলোচ্য অংশের তাৎপর্য উল্লেখ কর।

৩। **"শক্ত সবুজ গাঁ ভেসেছে তিন পাহাড়ের কোলে।"**
তিন পাহাড়ের কোলে কবিতায় কবি যে প্রাকৃতিক পরিবেশের বর্ণনা দিয়েছেন তা উল্লেখ কর। শক্ত সবুজ গাঁ বলতে কি বোঝানো হয়েছে ?

৪। **"তিন পাহাড়ের নক্‌শিকাঁথায় শিশুর কলরব।"**
নক্‌শিকাঁথা কি ? তিন পাহাড়ের কোলে কবিতার প্রাকৃতিক পরিবেশের বর্ণনা দাও। আলোচ্য অংশের তাৎপর্য উল্লেখ কর।

৫। **"পুব আকাশে আস্তে-ধীরে আলোর ঘোমটা খোলে।"**
আলোর ঘোমটা বলতে কি বোঝ ? আলোর ঘোমটা খুলতে তিন পাহাড়ের **কোলে কী** পরিবর্তন লক্ষ্য করা যায় ?

৬। **"বনভূমির ওপারে কোন মনোভূমির দ'য় / ফুসুর ফাসুর ঘুসুর ঘাসুর স্বপ্নে কথা হয়!"**
কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে ? 'বনভূমির ওপারে মনোভূমির দ'য়' বলতে কী বোঝানো হয়েছে ?

৭। **"হাওয়াবিলাসী তিনজোড়া চোখ আটকে গেল ফ্রেমে।"**
হাওয়াবিলাসী বলতে কবি কী বুঝিয়েছেন ? আটকে গেল ফ্রেমে বলতে কি বোঝানো হয়েছে ? সেখানকার প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা দাও।

## আলোবাবু

**বহু বিকল্পভিত্তিক প্রশ্নাবলী**

**১। শুষ্ক মুখে বসে আছেন। কে কোথায় শুষ্ক মুখে বসে আছেন ?**

(i) আলোবাবু লেখকের ল্যাবরেটরিতে (ii) সিভিল সার্জেন হাসপাতালে (iii) অবিনাশবাবুর পুত্র বিনু ঘরে

**২। টপ টপ করে তার চোখ দিয়ে জল গড়িয়ে পড়ল কয়েক ফোঁটা। কার চোখ দিয়ে জল গড়িয়েছিল ?**

(i) আলোবাবু (ii) লেখক (iii) অবিনাশবাবু

**৩। বেচারির খেতে দেরী হয়ে গেল আজকে - বেচারি কে ?**

(i) আলোবাবু (ii) একটি ঘড়ি (iii) তিনুর কুকুর

**৪। আমার এক দূর সম্পর্কের ভাগনীর শ্বশুর উনি - উনি কে ?**

(i) আলোবাবু (ii) অবিনাশবাবু (iii) সিভিল সার্জেন

**৫। হাসপাতালে আলোবাবুকে প্রবেশনায় কত টাকা দেওয়া হবে বলেছিল ?**

(i) ১০ টাকা (ii) ১১ টাকা (iii) ১২ টাকা

**৬। পায়ে সত্যিই লেগেছিল। কার পায়ে লেগেছিল ?**

(i) পাখীর ছানা (ii) বিনুবাবুর কুকুর (iii) হাসপাতালের এক রোগীর

**৭। আলোবাবু দেখতে গিয়েছিলেন -**

(i) রামবাবুর গাইয়ের বাচ্চা (ii) শ্যামবাবুর গাইয়ের বাচ্চা (iii) যদুবাবুর কুকুরের বাচ্চা

**৮। বেচারির খেতে দেরী হয়ে গেল আজকে - বেচারি কে ?**

(i) ঘড়ি (ii) কুকুর (iii) গরু

**৯। আমায় ওরা সইলো না কেউ - গানটি আলোবাবু কখন গেয়েছিলেন ?**

(i) কুকুরটি মারা যাবার পর (ii) ঘড়ি চুরি যাবার পর (iii) চাকরি চলে যাবার পর

**১০। আলোবাবুর হাসপাতালে চাকরি ছিল কতদিন ?**

(i) মাসখানেক (ii) মাস দুয়েক (iii) মাস তিনেক

**১১। পাখিটির পায়ে ডাক্তারবাবু কি দিয়েছিলেন ?**

(i) বেটাডিন (ii) ডেটল (iii) টিংচার আয়োডিন

**১২। আলোবাবুকে দূর করে দেন -**

(i) অবিনাশবাবু (ii) অবিনাশবাবুর স্ত্রী (iii) বাড়ির কর্তা

**১৩। আলোবাবু পাখির বাচ্চাটিকে কত পয়সা দিয়ে কিনেছিলেন ?**

(i) তিন আনা (ii) দু-আনা (iii) চার আনা

**১৪। আলোবাবু কি করতে বড় ভালোবাসেন ?**

(i) খেলা করতে (ii) সেবা করতে (iii) ঝগড়া করতে

**সপ্রসঙ্গ ব্যাখ্যা -**

১। স্নেহের কাঙাল বেচারা।

২। সমাজের সঙ্গে নিজেকে খাপ খাওয়াতে পারলেন না কিছুতে।

৩। জীবন্ত কোনো জিনিস পোষবার সামর্থ্য নেই আমার।

৪। বলা বাহুল্য, খুব কৌতুক অনুভব করলাম।

৫। টপ টপ করে তার চোখ দিয়ে জল গড়িয়ে পড়ল কয়েক ফোঁটা।

**প্রশ্নোত্তর -**

**১। "চেহারা অব্যশ্য নামের উপযুক্ত নয়।"**

কার কথা এখানে বলা হয়েছে ? তার চেহারার বর্ণনা দাও ? কেন তার চেহারা নামের উপযুক্ত নয় ?

**২। "মনে হল যেন পুজো করছেন।"**

একথা কার মনে হয় ? কি দেখে তার এ ভাবনার উদয় ? এরপরে উদ্দিষ্ট্য ব্যক্তির কোন কথা মনে পড়ে ?

**৩। "অনুগ্রহ করে একটু সাহায্য করবেন আমাকে।"**

কে কাকে একথা বলেছে ? একথা শুনে শ্রোতা কি ভেবেছিলেন ? তিনি কার জন্য কি সাহায্য চাইতে এসেছিলেন ? এরমধ্যে দিয়ে তার চরিত্রের কোন দিকটি প্রকাশ পায় ?

৪। **"দেখবেন, তো যদি চাকরি-বাকরি জুটিয়ে দিতে পারেন কোথাও।"**
কে কাকে একথা বলেছে ? কোন প্রসঙ্গে বলেছে ? যার সম্পর্কে একথা বলা হয়েছে তার চেহারার বর্ণনা দাও এবং মানুষ হিসাবে তিনি কেমন ছিলেন ?

৫। **"বেচারির খেতে দেরী হয়ে গেল আজকে" -**
বেচারি কে ? তার কি খেতে দেরী হয়ে গিয়েছিল ? তার জন্য কে কি করেছিল ?

৬। **"এর আগে তো দেখিনি আপনাকে, কোথায় থাকেন ?"**
কে কাকে একথা জিজ্ঞেস করেছে ? কখন জিজ্ঞেস করেছে ? এর উত্তর বক্তা কি দিয়েছিল ?

৭। **"আমাকে দেখেই একমুখ হেসে বললেন বিনুবাবুর কুকুর এটি।"**
কে কাকে একথা বলেছে এবং কখন ? বিনুবাবু কে ? বিনুবাবুর কুকুরটির সঙ্গে বক্তা কি করছিলেন ?

৮। **"একদিন আমার ল্যাবরেটরিতে শুষ্ক মুখে বসে আছেন।"**
'আমার' বলতে কার কথা বলা হয়েছে ? কে শুষ্ক মুখে বসেছিলেন এবং কেন ?

৯। **"সত্যি অন্যায় কাজ করেছেন।"**
আলোচ্য অংশটি কার লেখা কোন গল্পের অংশ ? কে কাকে একথা বলেছে ? সে কি অন্যায় কাজ করেছিল ?

১০। **"দিন কয়েক পরে অবিনাশবাবুর বাড়ি থেকে বিদায় নিতে হল আলোবাবুকে।"**
অবিনাশবাবু কে ? কেন অবিনাশবাবুর বাড়ি থেকে আলোবাবুকে বিদায় নিতে হয়েছিল ?

১১। **"আলোবাবু এখন পাগলা গারদে আছেন।"**
আলোবাবু কে ? তিনি কেন পাগলা গারদে গিয়েছিলেন ?

১২। **"আমায় ওরা সইলো না কেউ / আমার কাছে রইলো না কেউ।"**
বক্তা কে ? প্রসঙ্গ কী ? তার এরূপ বক্তব্যের কারণ কী ?

১৩। **"ডাক্তারবাবু আমাকে দূর করে দিলেন"-**
বক্তা কে ? ডাক্তারবাবুর পরিচয় দাও। ডাক্তারবাবু বক্তাকে দূর করে দেন কেন ?

১৪। **"সব স্নেহ তাই উজাড় করে দিয়েছে বোধহয় ঘড়িটার উপর।"**
কার সম্পর্কে এরূপ মন্তব্য করা হয়েছে ? প্রসঙ্গ উল্লেখ কর। বক্তা এই অংশের মধ্যে দিয়ে কি বোঝাতে চেয়েছেন ?

## আয় আরো বেঁধে বেঁধে থাকি

**সপ্রসঙ্গ ব্যাখ্যা -**

১। আমাদের ইতিহাস নেই। ২। আমরা ভিখারি বারোমাস। ৩। আমাদের চোখমুখ ঢাকা।
৪। আয় আরো বেঁধে বেঁধে থাকি। ৫। আমাদের শিশুদের শব/ছড়ানো রয়েছে কাছে দূরে।

**প্রশ্নোত্তর -**

১। **"আয় আরো বেঁধে বেঁধে থাকি।"-**
কার লেখা, কোন কবিতার অংশ ? কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে ? আলোচ্য অংশের তাৎপর্য কি ?

২। **"আমাদের কথা কে বা জানে / আমরা ফিরেছি দোরে দোরে।"**
কে একথা বলেছেন ? কোন প্রসঙ্গে বলেছেন ? আমরা ফিরেছি দোরে দোরে একথা বলতে কবি কি বুঝিয়েছেন ?

৩। **"আমরা তবে এইভাবে / এ-মুহূর্তে মরে যাব নাকি ?"**
আমরা বলতে কবি কাদের বুঝিয়েছেন ? কেন একথা কবির মনে হয় ? 'মরে যাওয়া' বলতে এখানে কি বোঝানো হয়েছে ?

৪। **"তবু তো কজন আছে বাকি।"**
কার লেখা কোন কবিতার অংশ ? কাদের কথা কবি এখানে বলেছেন ? আলোচ্য অংশের তাৎপর্য কি ?

৫। **"আমাদের ইতিহাস নেই / অথবা এমনই ইতিহাস"**
ইতিহাস বলতে কী বোঝানো হয়েছে ? কেন কবির মনে এই সংশয় ? এমন ইতিহাস বলার কারণ কি ?

৬। **"আমাদের শিশুদের সব ছড়ানো রয়েছে কাছে-দূরে।"**
কার লেখা কোন কবিতার অংশ ? শিশু বলতে কাদের কথা বলা হয়েছে ? আলোচ্য অংশের তাৎপর্য বিশ্লেষণ কর।

৭। **"আমাদের পথ নেই কোনো, আমাদের ঘর গেছে উড়ে।"**
কোন পরিস্থিতিতে কবি একথা বলেছেন ? এখান থেকে তিনি কোন পথ খুঁজে পেয়েছেন ?

## পথের দাবী

**বহু বিকল্পভিত্তিক প্রশ্নাবলী**

**১। হলঘরে মোটঘাট নিয়ে বসে আছে -**

(i) জন-পাঁচেক (ii) জন-ছয়েক (iii) জন-তিনেক

**২। তেলের খনির কারখানার মিস্ত্রিরা চাকরির উদ্দেশে গিয়েছিল -**

(i) কলকাতা (ii) রেঙ্গুন (iii) দিল্লি

**৩। পলিটিক্যাল সাসপেক্টের নাম ছিল -**

(i) সব্যসাচী চক্রবর্তী (ii) নিমাই মল্লিক (iii) সব্যসাচী মল্লিক

**৪। গিরীশ মহাপাত্র তার ট্যাক থেকে বের করেছিল -**

(i) পাঁচ টাকার একটি নোট (ii) একটা দেশলাই (iii) একটি টাকা ও গন্ডা ছয়েক পয়সা

**৫। কীসের গন্ধে থানাসুদ্ধ লোকের মাথা ধরে গেল ?**

(i) আঁশটে গন্ধে (ii) উগ্র পারফিউমের গন্ধে (iii) লেবুর তেলের গন্ধে

**সপ্রসঙ্গ ব্যাখ্যা -**

১। মৃত্যুও সেখানে প্রবেশ করিতে সাহস করে না।

২। ললাটের লেখা তো খন্ডাবে না।

৩। আমি পুলিশ; ইচ্ছা করিলে আমি তোমাকে টানিয়া নীচে নামাইতে পারি।

**প্রশ্নোত্তর -**

১। **"যাঁকে খুঁজছেন তার কালচারের কথাটা একবার ভেবে দেখুন।"**
একথা কে বলেছে ? কে কাকে খুঁজছিলেন ? কালচারের প্রসঙ্গ এসেছে কেন ?

২। **"কীরূপ সদাশয় ব্যক্তি ইনি।"**
কে কাকে একথা বলেছে ? সদাশয় ব্যক্তিটি কে ? সদাশয় বলার কারণ কি ?

৩। **"কিন্তু এই জানোয়ারটাকে ওয়াচ করার দরকার নেই বড়োবাবু।"**
বক্তা কে ? জানোয়ার কাকে বলা হয়েছে ? বক্তার এরূপ মনোভাবের কারণ কি ?

৪। **"বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলোআনাই বজায় আছে তা স্বীকার করতে হবে।"**
কে কার সম্পর্কে একথা বলেছেন ? তার সম্পর্কে বক্তার এরূপ উক্তির কারণ কি ? বাবুটির শখের পরিচয় দাও।

৫। **"রাত্রে তো আমার তুমি ঘুমের বিঘ্ন করিতে পারো না।"**
কে কাকে একথা বলেছিল ? উদ্দিষ্ট্য ব্যক্তি কিভাবে বক্তার ঘুমের বিঘ্ন ঘটিয়েছিলেন ? কেন সে একথা বলেছিল ?

৬। **"বুড়ো মানুষটির কথা শুনো।"**
বুড়ো মানুষটি কে ? তিনি কাকে কী কথা বলেছিলেন ?

৭। **"আপাতত ভামো যাচ্ছি, তুমি কোথায় ?"**
বক্তা কে ? কাকে বলেছে ? যাকে এই কথাগুলি বলা হয়েছে প্রত্যুত্তরে সে কি কি বলেছিল ? বক্তা ভামো কেন যাচ্ছিলেন ?

৮। **"তুমিও তো ইউরোপিয়ান নও" -**
কে কাকে একথা বলেছিল ? কখন বলেছিল ? কোন পরিস্থিতিতে বলেছিল ?

৯। **"বুনো হাঁস ধরাই যে এদের কাজ।"**
এদের বলতে কাদের বোঝানো হয়েছে ? কে কাকে একথা বলেছিল ? একথা কেন বলেছে ?

১০। **"কিন্তু কথাটা বলিয়া ফেলিয়া সে-ই একটু অপ্রতিভ হইয়া চুপ করিল।"**
কথাটা কে বলেছিল এবং কাকে বলেছিল ? কি কথা বলেছিল ? তার অপ্রতিভ হওয়ার কারণ কি ?

১১। **"অপূর্ব তৎক্ষণাৎ সম্মত হইয়া বলিল, আমি কালই বার হয়ে যেতে পারি।"**
অপূর্ব কার কথায় সম্মত হয়েছিল ? তিনি অপূর্বকে কি নির্দেশ দিয়েছিলেন ? অপূর্বর সম্মত হওয়ার কারণ কি ?

১২। **"অপূর্ব রাজি হইয়াছিল।"**
অপূর্ব কার কোন কথায় রাজি হয়েছিল ? তারপর সে কোন কথার উত্থাপন করে ও কী কী বলে ?

১৩। **"লোকটি কাশিতে কাশিতে আসিল।"**
কোন লোকটির কথা বলা হয়েছে ? তাকে দেখতে কেমন ? সে কাশতে কাশতে এল কেন ? তার চেহারার বড় বৈশিষ্ট্য কি ?

১৪। **"তার লাঞ্ছনা এই কালো চামড়ার নীচে কম জ্বলে না।"**
কে কাকে এই কথা বলেছিল ? কোন প্রসঙ্গে একথা বলেছিল ? বক্তা তাকে কি বোঝাতে চেয়েছিল ?

১৫। **"মনে হল দুঃখ লজ্জায় ঘৃণায় নিজেই যেন মাটির সঙ্গে মিশিয়ে যাই।"**
কে কাকে একথা বলেছে ? কোন কথার পরিপ্রেক্ষিতে একথা বলেছে ? এর অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা কর।

## রাজকাহিনী - শিলাদিত্য

**অতি সংক্ষিপ্ত প্রশ্নোত্তর -**

১। শিলাদিত্যের যখন জন্ম হয়নি তখন বল্লভীপুরে কারা রাজত্ব করছিলেন ?
২। বৃদ্ধ পুরোহিত একা হাতে মন্দিরে কি কি কাজ করতেন ?
৩। কত ওজনের প্রদীপ দিয়ে বৃদ্ধ পুরোহিত সূর্যদেবের আরতি করতেন ?
৪। সূর্যদেব তার কোন ভক্তের মনোবাঞ্ছা পূর্ণ করেছিলেন ?
৫। সুভাগা কে ?
৬। সুভাগাকে কেন দেশ থেকে বার করে দেওয়া হয়েছিল ?
৭। বৃদ্ধ পুরোহিত কত বছর ধরে সূর্য মন্দিরে সূর্যদেবের পুজো করছিলেন ?
৮। সূর্য মন্ত্রের বৈশিষ্ট্য কী ছিল ?
৯। সুভাগা সূর্যদেবের কাছে কি বর চেয়েছিল ?
১০। সুভাগার সন্তানদের নাম কী ?
১১। সুভাগার সন্তানদের নাম গায়েব - গায়েবী কেন হয়েছিল ?
১২। গায়েব ও গায়েবী কেমন স্বভাবের ছিল ?
১৩। আদিত্যশীলার বৈশিষ্ট্য কী ?
১৪। শিলাদিত্য কাকে বিয়ে করেন ?
১৫। শিলাদিত্যের সর্বনাশ কে করেছিল ?
১৬। বল্লভীপুর কে আক্রমণ করে ?
১৭। কীভাবে শিলাদিত্যের মন্ত্রী সূর্য কুন্ডের জল অপবিত্র করেছিল ?

**প্রশ্নোত্তর -**

১। **"সূর্যদেব ভক্তের মনোবাঞ্ছা পূর্ণ করলেন।"**
কার লেখা কোন রচনার অংশ ? ভক্তের মনোবাঞ্ছা কি ছিল ? সূর্যদেব কীভাবে তা পূরণ করেন ?

২। **"কিন্তু সেই যুদ্ধেই তাঁর প্রাণ গেল।"**
কার লেখা কোন রচনার অংশ ? কোন যুদ্ধের কথা বলা হয়েছে ? যুদ্ধের ফল কী হয়েছিল ?

৩। **"আজ থেকে তোমার নাম হল শিলাদিত্য।"**
বক্তা কে ? বক্তা কাকে একথা বলেছিল ? কোনদিন থেকে তার নাম শিলাদিত্য হয় ?

৪। **"সেই তার সর্বনাশ করিল।"**
কার লেখা কোন রচনার অংশ ? কে কার সর্বনাশ করেছিল ? কীভাবে করেছিল ?

৫। **"প্রভু আমি আশ্রয় চাই।"**
কে কাকে একথা বলেছে ? বক্তার পরিচয় দাও। সে কোথায় আশ্রয় নিতে চেয়েছিল ?

৬। **"তুমি বর প্রার্থনা কর।"**
কথাটা কে কাকে বলেছে ? কী বর প্রার্থনা করা হয়েছিল ? তার প্রার্থনা পূর্ণ হয়েছিল কী ?

৭। **"আমি রাজার পূজারী, মন্ত্র পড়ে গায়েবকে রাজটীকা দেব।"**
গায়েব কে ? কথাগুলি কে কখন বলেছে ? কেন বলেছে ?

৮। **"আরে উন্মাদ কি করলি ?"**
কে কাকে বলেছে ? উদ্দীষ্ট ব্যক্তি কি করেছিল ? তারপর কী ঘটেছিল অতি সংক্ষেপে লেখ।

৯। **"ওই নাও ভাই আদিত্যশীলা ।"**
কে কাকে একথা বলেছে ? কখন বলেছে ? আদিত্যশীলার মহিমা উল্লেখ কর।

## রাজকাহিনী - গোহ্

### অতি সংক্ষিপ্ত প্রশ্নোত্তর -

১। রানী পুষ্পবতী কোন রাজ্যের রাজকন্যা ?
২। শিলাদিত্যের মনের ইচ্ছা কি ছিল ?
৩। রানী পুষ্পবতীর মনের ইচ্ছা কি ছিল ?
৪। কিসের দিকে চেয়ে পুষ্পবতীর প্রাণ কেঁদে উঠল ?
৫। পুষ্পবতীর পুত্রের নাম কি ?
৬। পুষ্পবতী কাদের হাতে সন্তানকে সঁপে গিয়েছিলন ?
৭। গোহ কার কাছে মানুষ হতে লাগল ?
৮। গোহ কি করতে ভালবাসত ?
৯। ভীলরাজ মাণ্ডলিক কেমন ধরণের মানুষ ছিলেন ?
১০। কে গোহের কপালে কি দিয়ে রাজতিলক টেনে দেয় ?
১১। কতবছর ধরে ভীলরাজের সঙ্গে তার ছোট ভাইয়ের দেখা সাক্ষাৎ বন্ধ ছিল ?
১২। মাণ্ডলিকের ভাইয়ের বয়স কত ?

### প্রশ্নোত্তর -

১। **"মহারাজ করেছ কী ?"**
কে কাকে কথাগুলি বলেছে ? কখন বলেছে ? বক্তার জীবনে তারপর কী ঘটে ?

২। **"গোহ তৎক্ষণাৎ সেই রাজপুতের মাথা কেটে ফেলতে হুকুম দিলেন।"**
গোহ কে ? তিনি কেন রাজপুতের মাথা কাটতে হুকুম দিয়েছিলেন ?

৩। **"হারে, কোথায় রে তোদের নতুন রাজা ?"**
বক্তা কে ? কাদের বলেছে ? নতুন রাজা বলতে কাকে বোঝানো হয়েছে ? এরপর বক্তা কী করেন ?

৪। **"সে সাধ কোথায় পূর্ণ হল।"**
কার লেখা কোন রচনার অংশ ? কার কোন সাধের কথা বলা হয়েছে ? সে সাধ পূর্ণ হল না কেন ?

৫। **"কিন্তু বীরের সন্তান গোহের লেখাপড়া পছন্দ হত না।"**
গোহ কে ? তিনি কোথায় কার কাছে কীভাবে মানুষ হচ্ছিলেন ? কিন্তু গোহ নিজে কি পছন্দ করতেন ?

৬। রাজা মাণ্ডলিকের চরিত্রের বর্ণনা দাও।

৭। কেন গোহ রাজপুত সৈন্যটিকে হত্যা করেছিলেন ?

৮। **"তখন পুষ্পবতী মহারাজের সেই চিঠি খোঁপার ভিতর লুকিয়ে রেখে পাটের শাড়ি পরে দেবীর পুজোয় বসতেন আর মনে মনে বলতেন" -**
রানী পুষ্পবতীর পরিচয় দাও। তখন বলতে কোন সময়ের কথা বলা হয়েছে ? তিনি মনে মনে কী বলতেন ?

৯। **"হায় মানুষের সব ইচ্ছা পূর্ণ হয় না"-**
কার লেখা কোন রচনার অন্তর্গত ? কার কোন সাধের কথা বলা হয়েছে ? তা পূর্ণ হয়নি কেন ?

১০। **"মা, আমাকে বিদায় দাও; আমি বল্লভীপুরে ফিরে যাই, আমার প্রাণ কেমন করেছে, বুঝি বা সেখানে কি সর্বনাশ ঘটলো ?"**
বক্তা কে ? কাকে বলেছেন ? বক্তার এরূপ মনে হওয়ার কারণ কী ? বল্লভীপুরে ফিরে যাবার পথে রানী কী সংবাদ শুনলেন ? তা শুনে তাঁর মনের অবস্থা কীরূপ হয় ?

১১। **"ভালো রে ভালো নতুন রাজার কপালে তিলক লিখে দে"-**
বক্তা কে ? কাদের উদ্দেশ্যে বলেছেন ? প্রসঙ্গ কী ? বক্তার কথায় উদ্দিষ্ট ব্যক্তিদের মধ্যে কী প্রতিক্রিয়া দেখা যায় ?

১২। **"প্রিয় সখি, তোমার হাতে আমার গোহকে সঁপে দিলুম, তুমি মায়ের মতো একে মানুষ কোরো"**
বক্তা কে ? কাকে বলেছেন ? কোন পরিস্থিতিতে বক্তা একথা বলেছিলেন ? এরপর বক্তা কী করেন ?

# WRITING

## (অনুচ্ছেদ লিখন)

১। দূরদর্শনের সুফল ও কুফল।
২। একটি নির্জন দুপুর।
৩। একটি ছুটির দিন।
৪। বইমেলা।
৫। একটি ভ্রমণের অভিজ্ঞতা।
৬। একটি ঝড়ের রাত।
৭। সমাজ জীবনে সংবাদ পত্র।
৮। তোমার জীবনের লক্ষ্য।
৯। সংবাদপত্রের গুরুত্ব ও দায়িত্ব
১০। বিদ্যালয় স্তরে বিজ্ঞান মেলা ও বিজ্ঞান প্রদর্শনীর গুরুত্ব

## পত্র লিখন (ব্যক্তিগত পত্র)

১। গ্রামের দুর্গাপুজো ও শহরের দুর্গাপুজো পার্থক্য করে বন্ধুকে একটি পত্র লেখ।
২। সংবাদ পত্র পাঠের প্রয়োজনীয়তার কথা জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখ।
৩। খেলাধূলার উপযোগীতা জানিয়ে ছোট ভাইকে একটি পত্র লেখ।
৪। একটি ভিড় বাসের অভিজ্ঞতার কথা জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখ।
৫। স্কুল থেকে শিক্ষামূলক ভ্রমণে নিয়ে যাওয়া হচ্ছে, বাবার কাছে অনুমতি চেয়ে একখানি পত্র লেখ।
৬। তোমাদের শহরে একটি পুষ্প প্রদর্শনীর আয়োজন করা হয়েছে, সেখানে তুমি অংশগ্রহণ করতে চাও। কীভাবে আগাম প্রস্তুতি নিতে হবে তা জানতে চেয়ে দাদুর কাছে একটি পত্র লেখ।
৭। বর্তমানে অটোর দৌরাত্ম যেভাবে বেড়েছে তা নিয়ে তোমার একটি তিক্ত অভিজ্ঞতার কথা জানিয়ে কাকুকে চিঠি লেখ।
৮। তুমি আন্তঃবিদ্যালয় বিতর্ক প্রতিযোগীতায় প্রথম হয়েছ। তোমার এই নতুন উপলব্ধির কথা জানিয়ে প্রিয় বন্ধুকে পত্র লেখ।
৯। তোমার বন্ধু ব্যাডমিনটন প্রতিযোগীতায় প্রথম হয়েছে। তাকে অভিনন্দন জানিয়ে একটি পত্র লেখ।
১০। তোমার দেখা একটি মেলার অভিজ্ঞতার কথা জানিয়ে তোমার বিদেশে থাকা পত্রমিতাকে একটি পত্র লেখ।
১১। তুমি গ্রামের ছেলে, অতি বর্ষায় গ্রামাঞ্চলে চরম দুরবস্থার প্রত্যক্ষ অভিজ্ঞতার কথা তোমার কোন শহুরে বন্ধুকে জানাও।
১২। পরিবেশ দূষণের মত মানসিক দূষণও ব্যক্তিগত সমাজ জীবনের ক্ষেত্রে বিপর্যয়ের সৃষ্টি করে। এই বিষয়ে বন্ধুর উদ্দেশ্যে চিঠি লেখ।
১৩। তোমার স্কুলে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান হয়েছিল, সেই অনুষ্ঠানে প্রথম থেকেই তোমার সক্রিয় ভূমিকা ছিল। অনুষ্ঠানটির পূর্ণাঙ্গ বিবরণ দিয়ে কোন বন্ধুকে একটি চিঠি লেখ।
১৪। কোনো পর্যটন সংস্থার সঙ্গে ভ্রমণে গিয়ে একটি প্রাচীন রাজপ্রাসাদের ভগ্নাবশেষের সামনে দাঁড়িয়ে তোমার এক বিচিত্র অভিজ্ঞতা হয়েছিল। সেই অভিজ্ঞতার বর্ণনা দিয়ে তোমার কোন প্রিয় বন্ধুর উদ্দেশ্যে একটি পত্র লেখ।
১৫। জীবনে তুমি কিভাবে প্রতিষ্ঠিত হতে চাও সে বিষয়ে বন্ধুকে একটি চিঠি লেখ।
১৬। আজকের রুদ্ধশ্বাস প্রতিযোগিতার তীব্র দৌড়ের মাঝখানে আজকের ছাত্র সমাজ দিশেহারা হয়ে পড়েছে। তাদের অবস্থার, বর্ণনা দিয়ে এই সমস্যা সমাধানের কিছু ইঙ্গিত পত্রের মাধ্যমে বন্ধুকে লেখ।
১৭। ভারতের প্রথম বই মল (Book Mall) গড়ে উঠেছে কলকাতার কলেজ স্ট্রীট অঞ্চলে। এ সম্পর্কে যাবতীয় তথ্য দিয়ে বন্ধুকে পত্র লেখ।
১৮। তোমার একটি বিশেষ সখ আছে। কেন তোমার এমন সখ সে বিষয় জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ।
১৯। তোমার গ্রামের কোন বন্ধু বিভিন্ন ধরণের বই পড়লেও সংবাদ পত্র পড়তে চায় না। সংবাদ পত্র পাঠের প্রয়োজনীয়তা উল্লেখ করে তোমার সেই বন্ধুকে একটি পত্র লেখ।

# GRAMMAR

## বাক্য পরিবর্তন

নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন কর :-

১। সূর্য ওঠার সঙ্গে সঙ্গে আমার ঘুম ভাঙে। (যৌগিক বাক্যে)
২। এত আজগুবি গল্প যে তুমি কোথায় পাও তা বল দেখি। (সরল বাক্যে)
৩। বিদ্যাহীন ব্যক্তি সমাজে উপেক্ষিত। (জটিল বাক্যে)

৪। যদিও তিনি ভরসা তবুও আমার বিশ্বাস হল না। (সরল বাক্যে)
৫। সর্বহারার শৃঙ্খল ছাড়া হারাবার কিছু নেই। (জটিল বাক্যে)
৬। ভোঁ পড়লে শ্রমিককে কারখানায় যেতে হয়। (যৌগিক বাক্যে)
৭। প্রাথমিক শিক্ষার ভিত্তি দৃঢ় না হলে উচ্চ শিক্ষা মজবুত হয় না। (জটিল বাক্যে)
৮। পরিশ্রম কর, জীবনে উন্নতি করবে। (সরল বাক্যে)
৯। অপরাধী বলে শাস্তি পাবেই। (যৌগিক বাক্যে)
১০। এ শোকের সান্ত্বনা হত্যা নহে। (জটিল বাক্যে)
১১। বর্ষার স্রোত খরতর বেগে বহিতেছে। (জটিল বাক্যে))
১২। তার আপত্তি যে সঙ্গত তা মালিকদের মানতে হয়েছিল। (যৌগিক বাক্যে)
১৩। অপরাধ যখন করেছ, তখন শাস্তি পাবেই। (সরল বাক্যে)
১৪। লোকটি যেমন রোগা, তেমনি দুর্বল। (সরল বাক্যে)
১৫। শরীরের দিকে তাকাবার অবসর নেই কুবেরের। (যৌগিক বাক্যে)
১৬। পদ্মার মাছ ধরিবার মত উপযুক্ত জাল তার নেই। (জটিল বাক্যে)
১৭। জেল যে হবে সে বিষয়ে কারো মনে কোন সন্দেহ ছিল না। (সরল বাক্যে)
১৮। মায়ের মুখে এই অংশ শুনিতে শুনিতে দুঃখে অপুর শিশু হৃদয় পূর্ণ হইয়া উঠিত। (যৌগিক বাক্যে)
১৯। আমরা যথা হইতে আসি আবার তথায় ফিরিয়া যাই। (যৌগিক বাক্যে)
২০। এই গতির বিরাম নাই, শেষ নাই। (যৌগিক)
২১। যে যায় সে তো আর ফিরে আসে না। (সরল বাক্যে)
২২। নেহাত সেকেলে পাড়াগেঁইয়ে লোক ছাড়া সেগুলি আর কেউ আদর করে না। (জটিল)
২৩। নিরীহ বাংলাদেশে গোপালের মতো সুবোধ ছেলের অভাব নাই। (জটিল)
২৪। এ পর্যন্ত যা বললাম সেগুলি হচ্ছে পল্লীর পুরানো সম্পদ। (জটিল বাক্যে)
২৫। সেটি কারও কাছে একেবারে পচা জঘন্য, আর কারও কাছে একেবারে চাঁদের জ্যোৎস্না দিয়ে ঘেরা। (যৌগিক বাক্যে)
২৬। তিনি উপকার করিয়া কৃতঘ্নতা পাইয়াছেন, কার্যকালে সহায়তা প্রাপ্ত হন নাই। (যৌগিক বাক্যে)
২৭। কিন্তু একটা বিষয়ে রাখালের সহিত তাহার জীবনচরিত লেখকে সাদৃশ্য ছিল না। (সরল বাক্যে)
২৮। যতই অনুভব করিব ততই আমাদের শিক্ষা সম্পূর্ণ ও বিধাতার উদ্দেশ্যে সফল হইবে। (জটিল বাক্যে)
২৯। সে ধনী না হইলেও সুখী। (যৌগিক বাক্যে)
৩০। আমি মরলে সে মরবে। (জটিল বাক্যে)
৩১। যতদিন বেঁচে থাকব, ততদিন তোমার মুখ দেখব না। (সরলবাক্যে)
৩২। সে এলে আমি যাব- (জটিল বাক্যে)
৩৩। এত প্রভেদ তথাপি বিদ্যাসাগর খাঁটি বাঙালী ছিলেন। (সরলবাক্যে)
৩৪। মহাজানের আদায় করা সুদটি মানুষের আত্মসম্মান। (জটিল বাক্যে)
৩৫। একদা নবদ্বীপের শচীমাতার এক প্রবল দুরন্ত ছেলে সেই আশা পূরণ করিয়াছিলেন। (জটিল বাক্যে)
৩৬। ছেলেটি দরিদ্র কিন্তু সৎ।- (সরল বাক্যে)
৩৭। বনে বাঘ থাকে। - (জটিল বাক্যে)
৩৮। যেমন চাষা তার তেমনি বলদ।- (সরল বাক্যে)
৩৯। গল্প হলেও সত্যি। - (জটিল বাক্যে)
৪০। বিকেল বেলা গ্রামের বধূরা কলসি কাঁখে বাড়ি ফেরে।- (যৌগিক বাক্যে)
৪১। কালো গরুটা বেশি দুধ দেয়। - (জটিল বাক্যে)
৪২। বাবুদের যে বাগান বাড়ি সেখানেই রাতে জলসা বসত।- (সরল **বাক্যে**)
৪৩। ভোরবেলায় চাষীরা চাষের কাজে মাঠে যায়। - **(জটিল বাক্যে)**

**নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন কর-**

*** সরল বাক্যে পরিবর্তন কর -**

১। যার বুদ্ধি আছে সে কখনও একাজ করবে না।
২। তিনি যে কাজ আরম্ভ করেছেন তা শেষ করে যাবেন।
৩। হয় কাজ কর না হয় সরিয়া পর।

৪। তাহার ধনের অভাব নাই, কিন্তু কাহাকেও কিছু দান করে না।
৫। যদিও কিছু টাকা পেলাম তবুও তাতে অভাব মিটিল না।
৬। যাহার অভিমান নাই, তাহার দুঃখ নাই।
৭। যে গাছ অপর গাছের উপর জন্মায়, তাহার জল ও মাটির প্রয়োজন হয় না।
৮। যদি ব্যাকরণ না পড়, নাম্বার তুলতে পারবে না।
৯। যার বিনয় আছে তার মহত্ব আছে।
১০। যদি পাগলা কুকুরে কামড়ায় তবে জলাতঙ্ক রোগ হয়।

*** জটিল বাক্যে পরিবর্তন কর -**

১। শৈশবের সেই সুখের দিনগুলি মনে পড়ে।
২। সময় পাও তো একবার এসো।
৩। তুমি অধম কিন্তু আমি অধম হইব না।
৪। অতি বৃষ্টির ফলে বন্যা অবশ্যম্ভাবী।
৫। ঝর্ণা আসিল বৃষ্টি আসিবে।
৬। অবসরপ্রাপ্ত বৃদ্ধরা প্রতিদিন প্রাতঃভ্রমণে বেরোন।
৭। তা জানলে সে কি পালায় ?
৮। আমি মহাপাপী, আমি চিতোরের সিংহাসনে বসবার উপযুক্ত নই।
৯। তাকে চোখে চোখে রাখবার হুকুম আছে।
১০। গ্রহণ ও প্রত্যাখ্যান করিবার ক্ষমতাই ইচ্ছাশক্তি।

*** যৌগিক বাক্যে পরিবর্তন কর -**

১। তিনি আজীবন সংগ্রাম করে খ্যাতির অধিকারী হয়েছেন।
২। লজ্জাবশত লোকটি কথা বলিতে পারিল না।
৩। প্রবল স্রোতে নৌকাটি দিক্‌ভ্রষ্ট হয়ে পড়ল।
৪। সেকালে হয়তো শুনে থাকলেও এখন চিনতে পারছ না।
৫। ছেলেটি দশ-বারোটি ভাষা এমন বলিতে পারে যে, বিদেশি লোকের পক্ষে বোঝা ভার ইনি কোথাকার।
৬। কাজেই টিকিট পেশ করিয়া উন্মুখ হইয়া রহিলাম।
৭। এত প্রভেদ সত্ত্বেও বিদ্যাসাগর খাঁটি বাঙালী ছিলেন।
৮। নবকুমার কুঠার হস্তে একাকী বনের মধ্যে প্রবেশ করিলেন।
৯। যদিও তিনি লক্ষ্য করিয়া আশ্চর্য হইলেন তথাপি প্রশ্ন করিলেন না।
১০। আমাদের জাতীয় সাহিত্য আমাদের মাতৃভাষা বাংলাতেই হইবে।

## বিসর্গসন্ধি

[ক] **সন্ধি বিচ্ছেদ কর :-**

নিশ্চিত, নিরবধি, অন্তরীক্ষ, দুষ্কৃতি, নিস্তেজ, যশোলাভ, আশীর্বাদ, নিরোগ, পুরস্কার

[খ] **সন্ধি যুক্ত কর :-**

| | | | | |
|---|---|---|---|---|
| নিঃ + রব | নিঃ + ফল | অতঃ + এব | মনঃ + আশা | অহঃ + রাত্র |
| দুঃ + দশা | মুখঃ + থ | ধনুঃ + টঙ্কার | যশঃ + ইচ্ছা | নিঃ + ঈক্ষণ |

## ব্যঞ্জনসন্ধি

[ক] **সন্ধি যুক্ত কর :-**

| | | | |
|---|---|---|---|
| দিক্ + অন্ত | নিচ্ + অন্ত | ষট্ + অন্ত | দিক্ + অঙ্গনা |
| পশ্চাৎ + আগত | পতম্ + গ | সৎ + চরিত্র | উৎ + জ্বল |
| যাবৎ + জীবন | তদ্ + লিপি | ষট্ + মাস | দুহ্ + ত |
| দহ্ + ত | স্ব + ছন্দ | বৃক্ষ + ছায়া | যাচ্ + না |
| যজ্ + ন | উদ্ + নথি | দন্ + শন | প্রশন্ + সা |
| সম্ + চয় | সম্ + ন্যাসী | বসুম্ + ধরা | উৎ + হৃত |

[খ] **সন্ধি বিচ্ছেদ কর :-**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সংকল্প | অহংকার | সংঘাত | সংরক্ষণ | উত্থাপন | ষষ্ঠ |
| হৃষ্ট | বৃষ্টি | তস্কর | একাদশ | আশ্চর্য | আকৃষ্ট |
| প্রায়শ্চিত্ত | পরস্পর | কিন্তু | গন্তব্য | হিংসা | বৃহস্পতি |
| দ্যুলোক | পুংলিঙ্গ | ষোড়শ | পরিষ্কার | উত্থিত | সন্তাপ |

## সাধু ও চলিত ভাষা

**নির্দেশমত সাধু ও চলিত ভাষায় রূপান্তরিত কর।**

**চলিত ভাষা থেকে সাধু ভাষায় রূপান্তরিত কর।**

১। কিন্তু সর্দারের তখন আর লড়বার ইচ্ছে নেই।
২। পুঁটুলিটি মাথায় দিয়ে যোগেন পন্ডিত জোড়া দেওয়া বেঞ্চের উপর শুয়ে পড়ে।
৩। জমিদারের লোকের সঙ্গে যুঝছে ভেবে সে পরমানন্দে লাঠি চালাচ্ছিল।
৪। শুনে ছেলের আবদার আরও বেড়ে উঠল।
৫। মন্ত্রী কিছুই বুঝতে পারল না।
৬। ওর দুর্গন্ধে সভা ভরে গেছে টের পাচ্ছেন না ?
৭। বেদির উপর থেকে একজন আস্তে আস্তে বললেন, হিয়ার হিয়ার।
৮। আর দেরী করলে নিদারুণ ভুল করা হবে।
৯। কোনও সন্দেহ নেই, এখানে আর পসার জমতে পারবে না।
১০। রূপোর কান্না শুনে তিনি ছুটে এসে বাবাকে যথেষ্ট বকলেন।

**সাধু ভাষা থেকে চলিত ভাষায় রূপান্তরিত কর।**

১। আমাকে একটু চাখিয়া দেখিতে বলিল।
২। মশার হাত হইতে অর্থাৎ শুঁড় হইতে পরিত্রাণ পাইয়া আমি আবাদের চারিদিকে পুণরায় ভেড়ি বাঁধাইলাম।
৩। পিসিমা উপর হইতে রাগ করিয়া বলিলেন, রেখে দাও।
৪। সে প্রতি বৎসর এই সময়টায় একবার করিয়া রোজগার করিতে আসে।
৫। নৌকায় বসিয়া আমি ভাবিতে লাগিলাম।
৬। রঙলাল রাগিয়া আগুন হইয়া উঠিল।
৭। রঙলালের কাছে আসিয়া তাহার মুখের দিকে চাহিয়া দাঁড়ায়।
৮। গাড়ির বাহির খন্ড স্টেশন ছাড়াইয়া আসিয়াছে।
৯। মহারাজের সভায় থাকিলে আমি হাসিতে ভুলিয়া যাইব।
১০। আমি ইহাতে সম্মত আছি।

## সমা

**নীচের সমাসবদ্ধ পদগুলি ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :-**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ছেলেপুলে, | নরোত্তম, | মুক্তবলয়, | সিংহাসন, | চরণকমল, | কাগজে-কলমে, | আসমুদ্র, |
| সমক্ষ, | জনপিছু, | উপদ্বীপ, | উপকথা, | উপভাষা, | আকণ্ঠ, | যথাবিধি, |
| রক্তজবা, | জয়ধ্বনি, | পলান্ন, | হাঁটুজল, | শহীদ দিবস, | গোবেচারা, | স্নেহরস |

## SYLLABUS FOR PERIODIC ASSESSMENT-II

**সাহিত্য** : **গদ্য :** জ্ঞানচক্ষু, আলোবাবু, পথের দাব
**পদ্য :** তিন পাহাড়ের কোলে, আয় আরও বেঁধে বেঁধে থাকি

**সহায়ক পাঠ** : শিলাদিত্য ও গোহ

**ব্যাকরণ** : সমাস (দ্বন্দ্ব, কর্মধারয়, ও অব্যয়ভাব) বাক্য পরিবর্তন (সরল, জটিল ও যৌগিক), সন্ধি (ব্যঞ্জন ও বিসর্গ) সাধু ও চলিত

**নির্মিতি** : অনুচ্ছেদ, পত্রলিখন ও বোধপরীক্ষণ